দৈনিক ইত্তেফাক

তারিখ 29 MAR 1997
পৃষ্ঠা ৭ কলাম ৭

# শিক্ষার বিনিময়ে খাদ্য ॥ চাউল আত্মসাতের অভিযোগে ৪ জনের বিরুদ্ধে মামলা

পিরোজপুর অফিস ॥ শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর চাউল উত্তোলনের পর উহা ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ না করিয়া আত্মসাৎ করার অভিযোগে ৪ জনের বিরুদ্ধে থানার মামলাই হইয়াছে। সদর থানায় সিকদার মল্লিক ইউনিয়নের জুজখোলা বড়বাড়ী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ হানিফ সিকদার, সহকারী শিক্ষক সহিদুল হক ও আতাহার আলী এবং চাউল বিতরণ কমিটির সভাপতি হাবিবুর রহমান গত ১৯৯৬ সালের ডিসেম্বর মাসে মোট ১ হাজার ২ শত ৬৮ কেজি চাউল উত্তোলন করে। উক্ত চাউল শিক্ষার বিনিময়ের খাদ্য কর্মসূচীভুক্ত বিদ্যালয়ের ১১০ শিক্ষার্থীর মধ্যে বিতরণ না করিয়া সংশ্লিষ্টরা আত্মসাৎ করে বলিয়া থানা নির্বাহী কর্মকর্তাকে অভিভাবকরা লিখিতভাবে এক অভিযোগে জানায়। নির্বাহী কর্মকর্তা উক্ত অভিযোগ তদন্ত করার জন্য সদর থানার পুলিশকে নির্দেশ দিলে দারোগা আব্দুল গনি সরজমিনে তদন্ত করিয়া ঘটনার সত্যতা যাচাই করে। অতঃপর উক্ত দারোগা নিজে বাদী হইয়া ১০ হাজার ১ শত ৪৪ টাকা মূল্যের ১ হাজার ২ শত ৬৮ কেজি চাউল আত্মসাতের অভিযোগে দন্ডবিধির ৪০৯ ধারায় গত ১৪ই মার্চ পিরোজপুর থানায় মামলা রুজু করেন। মামলার বিবরণীতে আরও জানা যায়, উক্ত প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর জন্য তালিকাভুক্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে ভূয়া নামও রহিয়াছে।